

## জাত পরিচিতি

ব্রি ধান৯২ এর কৌলিক সারি BR(BE)6158RWBC2-1-2-1-1। আন্তর্জাতিক ধান গবেষণা ইনসিটিউট, ফিলিপিন্স থেকে ধান এবং গমের মধ্যে সংকরায়নের মাধ্যমে উদ্ভৃত কৌলিক সারি IRGC103918 সংগ্রহ করা হয়। সংগ্রহিত সারিটির এছারকালচার করে প্রাণ্ড গাছের সাথে ব্রি উদ্ভাবিত কৌলিক সারি দুইবার সংকরায়ন করে পেডিগ্রি পদ্ধতিতে নির্বাচনের মাধ্যমে ব্রি ধান৯২ উদ্ভাবন করা হয়। পূর্ণাঙ্গ পেডিগ্রি হলোঃ Rice/Wheat(RI)/BR319-1-HR2/DH(Mingolo/Suweon290)/Panbira। বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউটের গবেষণা মাঠে হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচনের পর ৩ বৎসর ফলন পরীক্ষা করা হয়। কৌলিক সারিটি ২০১৫-১৬ বোরো মৌসুমে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা করা হয়। কৌলিক সারিটির জীবনকাল ব্রি ধান৯২ এর চেয়ে ২-৩ দিন কম এবং ফলন বেশী হওয়ায় প্রস্তাবিত জাত হিসেবে নির্বাচন করা হয়। জাতীয় বীজ বোর্ডের মাঠ মূল্যায়ন দল কর্তৃক বোরো ২০১৭-১৮ মৌসুমে ব্রি ধান৯২ (চেক জাত) এর সাথে কৃষকের মাঠে প্রস্তাবিত জাতের ফলন পরীক্ষা সম্পন্ন করা হয়। ফলন পরীক্ষা সন্তোষজনক হওয়ায় কৃষকের মধ্যে বোরো মৌসুমে চাষাবাদের জন্য ব্রি ধান৯২ এর একটি পরিপূর্ক জাত হিসাবে জাতীয় বীজ বোর্ড কর্তৃক ২০১৯ সালে জাতটি চূড়ান্তকরণ করা হয়।

## জাতের বৈশিষ্ট্য

- ▶ পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০৭ সেমি।
- ▶ গাছের কাঢ় শক্ত বিধায় ঢলে পড়ে না।
- ▶ দানা লম্বা ও চিকন।
- ▶ পাতা হালকা সবুজ। ডিগপাতা খাড়া এবং ব্রি ধান৯২ এর চেয়ে প্রশস্ত।
- ▶ পাকার সময় কাঢ় ও পাতা সবুজ থাকে।
- ▶ ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৩.৪ গ্রাম।
- ▶ এ ধানের অ্যামাইলোজের পরিমাণ ২৬%।



ব্রি ধান৯২

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান৯২ তুলনামূলক কম পানিতে ব্রি ধান৯২ এর সমান ফলন দিতে সক্ষম। তাই খরাপ্রবণ এলাকায় চাষাবাদের জন্য বিশেষভাবে উপযোগী।

## জীবনকাল

এ জাতের জীবনকাল ১৫৬-১৬০ দিন।

## ফলন

গড় ফলন ৮.৪ টন/হেক্টের। উপযুক্ত পরিচর্যা পেলে ৯.৩ টন/হেক্টের পর্যন্ত ফলন দিতে সক্ষম।

## চাষাবাদ পদ্ধতি

এ জাতটি বোরো মৌসুমে সেচ নির্ভর চাষাবাদ উপযোগী। এ ধানের চাষাবাদ অন্যান্য উক্ষী বোরো ধানের মতই।

১. বীজ তলায় বীজ বপনঃ বীজ বপনের উপযুক্ত সময় হলো ১ নভেম্বর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত অর্থাৎ ১৬ কার্তিক থেকে ৩০ কার্তিক।

২. চারার বয়সঃ ৪০-৪৫ দিন।

৩. চারা রোপণঃ ১৫ই ডিসেম্বর থেকে ১৩ই জানুয়ারী (১ পৌষ-৩০ পৌষ)।

৪. রোপণ দুরত্বঃ ২০ সেমি × ২০ সেমি ব্যবধানে রোপন করতে হবে।

৫. চারার সংখ্যাঃ প্রতি গোছায় ২-৩টি করে।

৬. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ

ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা (জিংক সালফেট)

৩৫-৪০ ১২-১৪ ১৫-২০ ১২-১৫ ১-১.৬

৬.১ সর্বশেষ জমি চাষের সময় সবাটুকু টিএসপি, জিপসাম, জিংক সালফেট, দুই ত্তীয়াংশ এমওপি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার সমান তিনি কিস্তিতে যথা রোপনের ১৫-২০ দিন পর ১ম কিস্তি, ২৮-৩০ দিন পর ২য় কিস্তি এবং ৪৫-৫০ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। বাকী এক ত্তীয়াংশ এমওপি দ্বিতীয় কিস্তি ইউরিয়ার সাথে প্রয়োগ করতে হবে।

৭. আগাছা দমনঃ রোপনের পর অন্তত ৪০-৪৫ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

৮. সেচ ব্যবস্থাপনাঃ থোড় অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রসের ব্যবস্থা রাখতে হবে।

৯. রোগ বালাই ও পোকামাকড় দমনঃ ব্রি ধান৯২ এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ দেখা দিলে বা আক্রান্ত বেশী হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করতে হবে।

১০. ফসলপাকা ও কাটাঃ ১৮ এপ্রিল-৩০ মে (৫ বৈশাখ-২০ বৈশাখ) ধানকাটার উপযুক্ত সময়।

আরো তথ্যের জন্যঃ

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd

ফ্যাট শীট (ব্রি ধান৯২)

